

২০১১

স্নাতকোত্তর

বাংলা

পাঠপর্যায় — ৪

এককক্রম — বি. এল. - ২৪০১

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

- ১। বঙ্গদর্শন থেকে গ্রন্থাকারে প্রকাশিত 'রজনী' উপন্যাসে শচীন্দ্র চরিত্রের কী পরিবর্তন ঘটেছে — আলোচনা করো। ১০

অথবা

পাঠান্তরের ফলে 'রজনী' উপন্যাসের শিল্পসৌন্দর্যের কী পরিবর্তন ঘটেছে দেখাও।

- ২। 'রাজর্ষি' উপন্যাসের জয়সিংহ চরিত্র ও 'বিসর্জন' নাটকের জয়সিংহ চরিত্রের তুলনামূলক আলোচনা করো। ১০

অথবা

রাজর্ষি উপন্যাসের শিল্প-পরিণতি ও 'বিসর্জন' নাটকের শিল্প-পরিণতির ক্ষেত্রে রঘুপতির ভূমিকা ও গুরুত্ব নির্ণয় করো।

- ৩। লোকসাহিত্যে কথাস্তুর সৃষ্টির পিছনে নিহিত কারণগুলি নিজের ভাষায় লেখো। এই সমস্ত কথাস্তুর সংগ্রহ এবং সংরক্ষণের প্রয়োজনীয়তা সম্পর্কে তোমার ধারণা ব্যক্ত করো। ৫ + ৫

অথবা

কোন একটি লোককথার যতগুলি কথাস্তুর পাওয়া যায় সেগুলির মূলকাঠামো এবং বিসদৃশ উপাদানগুলির উল্লেখ করে উক্ত কথাস্তুরগুলির সংগ্রহ এবং সংরক্ষণের গুরুত্ব বিষয়ে আলোচনা করো। ১০

- ৪। কাব্য অনুবাদের সমস্যার দিকগুলি আলোচনা করে একই কাব্যের একাধিক অনুবাদের গুরুত্ব কোথায় — বুঝিয়ে দাও। ১০

অথবা

নিম্নে উদ্ধৃত সংস্কৃত মেঘদূতের শ্লোকটির অনুবাদগুলির তুলনামূলক শিল্প-উৎকর্ষ বিচার করো : ১০

বক্রপস্থা যদিপি ভবতঃ প্রস্থিতস্যোত্তরাশাং
সৌধৎসঙ্গ প্রণয় বিমুখো মাস্মতুরুজ্জয়িন্যাঃ ।
বিদ্যুদ্দাম স্মুরিত চকিতে স্তত্র পৌরাজ্ঞনানাং
লোলাপাঈঙ্গেয়দিন বমসে লোচনৈবঙ্গিতোহসি ।

অনুবাদ - ১

যদিও উত্তরে যেতে পথ বন্ধ হয়,
 তুলিয়োনা উজ্জয়িনী সৌধোৎসঙ্গসনে
 করিবারে পরিচয় ; গৌরঙ্গনাচয়
 চপলা চমক দেখি চকিত নয়নে
 চঞ্চল কটাক্ষমালা করি বরিষণ
 না হেরিলে তোমা, তব বিফল জীবন ।

অনুবাদ - ২

জেনেছো উত্তরে তোমার অভিযান, যদিবা পথ হয় বন্ধ
 তুলোনা দেখে নিতে উজ্জয়িনী পুরে সৌধমন্দির সমূহের
 উপরিতল ;
 সেখানে সুন্দরী আছেন যাঁরা, তুমি তাঁদের চঞ্চল চাহনির
 ক্ষুরিত বিদ্যুতে না যদি প্রীত হও, হবে যে বঞ্চিত
 নিদারুণ ।

অনুবাদ - ৩

তোমাকে যেতে হবে যদিও উত্তরে, যতই পথ হোক
 তির্যক
 তথাপি দেখে নিও উজ্জয়িনী শোভা সৌধ ছাদে ছাদে
 নগরীর,
 যেখানে নাগরীরা ছড়ায় চোখে চোখে তড়িৎ প্রতিহত
 বিদ্যুৎ,
 বিমুখ যদি হও এদের উপভোগে বঞ্চিত হবে নির্ঘাৎ !